MAR. 29 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

# জহুরুল হক হলে খুন হওয়া সন্ত্রাসীর নাম লিটন

## ৩ সদস্যের তদন্ত কমিটি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের পুকুরের পাশে সন্ত্রাসী দলের হাতে গত মঙ্গলবার রাতে নিহত সন্ত্রাসীর পরিচয় জানা গেছে।

বিভিন্ন সূত্র থেকে নিহতের নাম খায়রুল হোসেন ওরফে লিটন বলে জানা যায়। এদিকে, গত মঙ্গলবারের ঘটনায় গুরুতর নির্মিত হচ্ছে।

## জহুরুল হক হলে

● প্রথম পাতার পর "জসীমকে পুলিশ আটক করেছে। বর্তমানে সে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন বলে জানা যায়। এদিকে আহত অপর এক সন্ত্রাসী পালিয়ে যেতে সক্ষম হয়।

উক্ত ঘটনায় রমনা থানায় মামলা দায়ের করা হয়েছে। ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে। বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য, প্রক্টর এবং সংশ্লিষ্ট হল প্রভোস্টকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল রাতে ১৫/১৬ জনের সশস্ত্র একটি দল তিনজনকে ধরে বিশ্ববিদ্যালয়ের নীলক্ষেত স্টাফ কোয়ার্টারে নিয়ে এসে মারধর করতে থাকে। পরবর্তী সময়ে লোকজন জড়ো হলে তারা ঐ তিনজনকে জহুরুল হক হলের ফাঁকা মাঠে পুকুর পাড়ে নিয়ে আসে এবং সবাইকে গুলি করে। তাদের মৃত ভেবে সন্ত্রাসীরা চলে গেলেও এর মধ্যে একজন মারা যায়, একজনকে আহতাবস্থায় পুলিশ গ্রেপ্তার করে এবং অন্যজন পালিয়ে যেতে সক্ষম হয়।

এ ঘটনায় জহুরুল হক হলের ছাত্রলীগের একজন শীর্ষ নেতা জড়িত বলে একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়। গ্রেপ্তারকৃত জসীমকে পুলিশ আগেও একবার সন্ত্রাসী ঘটনায় গ্রেপ্তার করেছিল।

এদিকে নিহত লিটনের বড়ো ভাই ডেসার প্রকৌশলী মাহবুবুল আলম জানিয়েছেন, তার ভাই কোনো প্রকার সন্ত্রাসী কাজে জড়িত নন। তাকে রাজনৈতিক কারণে হত্যা করা হয়েছে। তার বিরুদ্ধে কোনো মামলা নেই বলেও তিনি জানান।

নিহত লিটন ১৯৯১ সালে ঢাবি থেকে অংকে মাস্টার্স পাস করে বলেও তিনি উল্লেখ করেন। তাদের পরিবারের সঙ্গে দীর্ঘদিন কোনো যোগাযোগ ছিল না বলেও তিনি জানান।